

## নিয়োগ বিজ্ঞপ্তি (ড্রাইভার)

লেদারগুডস এন্ড ফুটওয়্যার ম্যানুফ্যাকচারার্স এন্ড এক্সপোর্টার্স এসোসিয়েশন অব বাংলাদেশ (এলএফএমইএবি) চামড়াজাত পণ্য ও পাদুকা প্রস্তুতকারক ও রপ্তানিকারক প্রতিষ্ঠান সমূহের প্রতিনিধিত্বকারী একটি সমিতি, যা মূলত চামড়াজাত পণ্য উৎপাদন ও রপ্তানি ব্যবসায় নিয়োজিত। এই এসোসিয়েশনের শূন্য পদে একজন ফুল টাইম গাড়ী চালক নিয়োগ প্রদান করা হবে। এ বিষয়ে প্রয়োজনীয় তথ্যাদি নিম্নরূপঃ

**খালি পদ : ০১ টি**

**দায়িত্ববলী :**

- কতৃপক্ষের নির্দেশ মোতাবেক দক্ষতার সাথে গাড়ী চালনা করা।
- গাড়ির সকল প্রকার প্রয়োজনীয় কাগজ, যথা: ফিটনেস সনদ, ইন্সুরেন্স, ট্যাক্স টোকেন, রেজিস্ট্রেশন কপি, ড্রাইভিং লাইসেন্স ইত্যাদি আপডেট রাখা ও সার্বক্ষণিক গাড়ীতে বহন করা।
- গাড়ির লগ বুক নিয়মিত আপডেট রাখা এবং গাড়ি ব্যবহারকারির সাক্ষর নেয়া।
- নিয়মিত গাড়ীর মবিলা, পানি, ইঞ্জিন অয়েল চেক করা ও প্রয়োজনবোধে তা পরিবর্তন করা।
- গাড়ি নিয়মিত পরিষ্কার পরিচ্ছন্ন রাখা এবং সঠিক ভাবে রক্ষণাবেক্ষণ করা।
- ট্রাফিক আইন ও নিরাপদে গাড়ি চালানো সম্বন্ধে সম্যক জ্ঞান থাকা।
- টাইম ম্যানেজমেন্ট এবং রুট ম্যাপ সম্পর্কে জ্ঞান থাকতে হবে।
- গাড়ি মেরামত সংক্রান্ত যাবতীয় তথ্যাদি সঠিক ভাবে লিপিবদ্ধ করা এবং প্রশাসন বিভাগকে অবহিত করা।
- প্রয়োজনবোধে ঢাকার বাইরে গাড়ীসহ যাওয়ার জন্য মানসিক ভাবে প্রস্তুত থাকা।

**অন্যান্য প্রয়োজনীয়তাঃ**

- গাড়ির সার্ভিসিং, কাগজের আপডেট এবং গাড়ির প্রযুক্তিগত সমস্যা সম্পর্কে জানতে হবে।
- গুগল ম্যাপ ব্যবহার করা জানতে হবে।
- আদব কায়দা ও প্রতিষ্ঠানের নিয়ম কানুন মেনে চলা।
- প্রার্থীকে আদর্শবান, শারীরিক এবং মানসিক ভাবে সুস্থ ও স্মার্ট হতে হবে।

**চাকরির ধরন:** ফুল টাইম

**কর্মক্ষেত্র:** প্রধান কার্যালয়, ঢাকা (অফিস)

**অভিজ্ঞতা:** কমপক্ষে ১০ বছর।

**বয়সঃ** ৩০ থেকে ৩৫ বছর (যোগ্য প্রার্থীর ক্ষেত্রে বয়সসীমা শিথিল যোগ্য)

**বেতন:** আলোচনা সাপেক্ষ

**অন্যান্য সুযোগ সুবিধাদি:** এসোসিয়েশন নীতিমালা অনুযায়ী।

আগ্রহী প্রার্থীকে আগামী ২২/০৯/২০২৪ তারিখের মধ্যে নিম্ন ঠিকানায় প্রয়োজনীয় কাগজপত্রসহ (বায়োডাটা, শিক্ষাগত যোগ্যতার সনদ, নবায়নকৃত ড্রাইভিং লাইসেন্স, জাতীয় পরিচয়পত্র, চেয়ারম্যান কর্তৃক সত্যায়িত চারিত্রিক সনদপত্র ও অভিজ্ঞতার সনদপত্র সহ) আবেদন করতে হবে।

**সেক্রেটারী জেনারেল,** লেদারগুডস্ এন্ড ফুটওয়্যার ম্যানুফ্যাকচারার্স এন্ড এক্সপোর্টার্স এসোসিয়েশন অব বাংলাদেশ (এলএফএমইএবি), ট-৯৪/বি, (১ম ও ২য় তলা), বাড্ডা লিংক রোড, মধ্যবাড্ডা, গুলশান-১, ঢাকা-১২১২।

আগ্রহী প্রার্থীগন নিম্নোক্ত ইমেইল এর মাধ্যমেও উল্লেখিত কাগজপত্রসহ আবেদন করতে পারবেঃ

ইমেইলঃ [info@lfmeab.org](mailto:info@lfmeab.org)